স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

চতুর্থ পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের বৃত্ত গঠনে উপন্যাসের উপকাহিনীটির গুরুত্ব কতখানি তা নির্ণয় করুন।

অথবা

‘‘ ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কুবের চরিত্রটি শুধুমাত্র নায়ক না হয়ে শোষিত শ্রেণির মানুষের প্রতিনিধি হয়ে উঠেছে।’’ — এ ধরনের মন্তব্যের যাথার্থ্য বিচার করুন।

(খ) ‘পুঁইমাচা’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করুন।

অথবা

‘স্ত্রীর পত্র’ গল্পে একটি নারী কীভাবে প্রতিবাদী হয়ে উঠেছে, তার পটভূমি বিশ্লেষণ করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যের নিরিখে ‘পদ্মানদীর মাঝি’কে আঞ্চলিক উপন্যাস বলা যায় কিনা আলোচনা করুন। ৬ + ১৪

অথবা

‘সুন্দরম্’ গল্পে আর্থ-সামাজিক পটভূমি ও নৈতিক অবক্ষয়ের চিত্র কীভাবে পরস্পর সম্পৃক্ত হয়ে উঠেছে, আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) ছোটগল্পের লক্ষণ নির্দেশ করে বাংলা ছোটগল্পের উদ্ভবের ইতিহাস সংক্ষেপে বিবৃত করুন। ৮ + ৪

(খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের অতিপ্রাকৃত চেতনা কাহিনির ক্ষেত্রে কতখানি প্রাসঙ্গিক — আলোচনা করুন।

(গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে হোসেন মিঞা এবং নিয়তির ভূমিকা নির্ণয় করুন। ৬ + ৬

(ঘ) ‘স্ত্রীর পত্র’ ছোটগল্পে বর্ণিত তৎকালীন পরিবার চিত্রটি পরিস্ফুট করুন।

(ঙ) ‘ধ্বংস’ গল্পে লেখকের কোন্ মনোভাব প্রকাশিত হয়েছে ? এই গল্পের নামকরণ কতখানি সার্থক — আলোচনা করুন। ৬ + ৬

(চ) রাঢ় বাংলার প্রকৃতি ও মানুষ ‘তারিনীমাঝি’ গল্পে কতটা জীবন্ত — আলোচনা করুন।

(ছ) ‘চিকিৎসা সঙ্কট’ গল্পের মিস্ বিপুলা মল্লিক চরিত্রটি বিশ্লেষণ করুন।

(জ) ব্যঙ্গনৈপুণ্য ও লিরিকধর্মিতা, ‘টোপ’ গল্পে লেখকের এই দুটি বৈশিষ্ট্যের দিক পরিস্ফুট করুন। ৬ + ৬

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) উপন্যাস ও রোমান্সের পার্থক্যগুলি সংক্ষেপে চিহ্নিত করুন।

(খ) '... সবিস্ময়ে দেখিলা অদূরে
ভীষণ দর্শন মূর্তি।'
— কার সম্পর্কে এবং কোন্ পরিস্থিতিতে এই উক্তি ? ১ + ৫

(গ) 'ঈশ্বর থাকেন ওই গ্রামে, ভদ্র পল্লীতে। এখানে তাঁহাকে খুঁজিয়া পাওয়া যাইবে না।' — অংশটির তাৎপর্য বিবৃত করুন।

(ঘ) 'সন্তানস্নেহের হিসাবে জেলেপাড়ার জননীদের মধ্যে মালার মৌলিকতা আছে।' — এই মৌলিকতার পরিচয় দিন।

(ঙ) 'চিকিৎসা সঙ্কট' গল্পের ডাক্তার তরফদারের ডিগ্রী কী ছিল ? তিনি নন্দকে কী বিধান দিয়েছিলেন ? ১ + ৫

(চ) জৈব প্রেরণা কীভাবে মানবসত্তাকে হত্যা করেছে 'তারিনী মাঝি' গল্পের পরিণাম অনুসারে তা বিবৃত করুন।

(ছ) 'তারিণী মাঝি' গল্পে সুখীর কানের ফুল কীভাবে হয়েছিল — বিবৃত করুন।